



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

2 SEPTEMBER 2024

7:35 AM IST

=====

রাজ্যের শিক্ষা বিভাগের উদ্যোগে আজ গুয়াহাটীর খানাপারা পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে ২৩ হাজার ৯শো ৫৬ জন নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ঠিকা ভিত্তিক শিক্ষককে নিযুক্তিপত্র প্রদান করা হবে। স্থায়ী নিযুক্তি পত্র প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় বিশেষ নিযুক্তি প্রক্রিয়া সম্পর্কে যে কোন ধরনের দাবী ও আপত্তি গ্রহণের জন্য আজ থেকে আগামী ৮ই সেপ্টেম্বর পর্যন্ত সঞ্চালকালয়ের পোর্টাল খোলা থাকবে বলে জানিয়েছে। শিক্ষা বিভাগ সূত্রে জানানো হয়েছে যে নিযুক্তি প্রক্রিয়ার বিজ্ঞাপন অনুসারে আবেদন করা ঠিকা ভিত্তিক এবং স্টেটপুল শিক্ষকরা পোর্টালের মাধ্যমে যেকোন ধরনের দাবী ও আপত্তি পেশ করতে পারবেন। এছাড়াও, নথিপত্র পরীক্ষা সম্পর্কিত কারণে আবেদন স্থগিত রাখা ৮শো ৩৪ জন প্রার্থী পোর্টালে থাকা লিঙ্ক-এ দাবী ও আপত্তি সহ নিজেদের নথিপত্রও দাখিল করতে পারবেন। চূড়ান্ত বাছাই তালিকায় স্থান লাভ করা শিক্ষকদের নিযুক্তিপত্রে জেলা এবং বিদ্যালয়ের নামের ক্ষেত্রে যদি কোন ধরনের অমিল থাকে তবে সেই অভিযোগও পোর্টালে সন্নিবিষ্ট লিঙ্কের মাধ্যমে দাখিল করা যাবে। যে কোন দাবী এবং আপত্তির বিপরীতে প্রমাণ স্বরূপ নথিপত্র দাখিল করতে হবে। পোর্টালের মাধ্যমে দাখিল করা নথিপত্রগুলি পরীক্ষা করে যোগ্য প্রার্থীদের নিযুক্তিপত্র প্রদান করা হবে।

উচ্চাকাঙ্ক্ষী জেলা হিসেবে হাইলাকান্দি জেলায় উন্নয়নমূলক প্রকল্পগুলির বাস্তবায়ন খতিয়ে দেখতে কেন্দ্রীয় ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব অংশুমান দে আজ জেলার প্রশাসনিক আধিকারিকদের সংগে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। সচিব শ্রী দে আগামীকাল ক্ষেত্র পরিদর্শন করবেন এবং আগামী বুধবার জেলার শীর্ষ আধিকারিকদের সংগে আরো একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন। শ্রী দে আগামী বৃহস্পতিবার নতুন দিল্লী ফিরে যাবেন। উল্লেখ্য ডোনার মন্ত্রকের যুগ্ম সচিব শ্রী দে উত্তর-পূর্ব পরিষদের সচিব হিসেবেও দায়িত্ব পালন করছেন।

করিমগঞ্জ পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে আসাম-ত্রিপুরা জাতীয় সড়কের জালালপুর কান্দিগ্রাম অঞ্চলে অভিযান চালিয়ে একটি বিলাসী গাড়ী থেকে এক লক্ষ ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে। আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন যে পুলিশ সুপার পার্থ প্রতিম দাসের নেতৃত্বে চালানো অভিযানে ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ আশ্রাফ আলী, প্রদীপ দাস ও আব্দুল হান্নান নামের তিনজন ব্যক্তিকে আটক করেছে। পুলিশ সুপার জানিয়েছেন বাজেয়াপ্ত করা ইয়াবা ট্যাবলেটের বাজার মূল্য প্রায় ৩০ কোটি টাকা হবে এবং ট্যাবলেটগুলি মিজোরাম থেকে করিমগঞ্জের পাথারকান্দিতে সরবরাহ করার পরিকল্পনা ছিল।

হাইলাকান্দি জেলা পশু বিভাগের উদ্যোগে জেলায় গবাদি পশুর বাত রোগের চতুর্থ পর্যায়ের টীকাকরন অভিযান গতকাল থেকে শুরু হয়েছে। গতকাল জেলার সোনাছড়া চা বাগানে আয়োজিত টীকাকরন শিবিরে গবাদি পশুর বাত রোগের টীকাকরন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত শিবিরে বক্তব্য রাখতে গিয়ে জেলা পশু চিকিৎসা আধিকারীক ডি ভি তালুকদার

জানান যে আগামী তিন মাস গবাদি পশুদের এই টীকাকরন অভিযান অব্যহত থাকবে । চলতি চতুর্থ পর্যায়ের অভিযানে জেলায় এক লক্ষ ২০ হাজার গবাদি পশুর টীকাকরনের লক্ষ্য নির্ধারন করা হয়েছে । উল্লেখ্য ২০১৯ সাল থেকে জেলায় এখনো পর্যন্ত তিনটি পর্যায়ের টীকাকরন অভিযান শেষ হয়েছে ।

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আজ থেকে বায়োমেট্রিক আধার আপডেট শিবিরের আয়োজন করা হয়েছে । বিজ্ঞপ্তিতে জানানো হেয়ছে যে জেলার শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে আগামী ২৩শে নভেম্বর পর্যন্ত পর্যায়ক্রমে আধার আপডেট শিবিরের আয়োজন করা হবে ।

পালংঘাট মাতা সংঘ ক্লাব আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি প্রাইজম্যানি ফুটবল প্রতিযোগীতার আজ দ্বিতীয় সেমিফাইনালে ডেফলিপার এফ সি খেলবে কালাখালের নাইন ফ্রেন্ডসে এফ সি -র বিরুদ্ধে , কেলা শুরু হবে বিকেল সাড়ে তিনটায় ।

লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লিও ক্লাব অফ শিলচর সেন্ট্রালের সহযোগীতায় আজ কালাইন সাদিরখালের সংসঙ্গ আশ্রম প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।
